

NATO

- ❑ NATO এর পূর্ণরূপ- **North Atlantic Treaty Organization** ।
- ❑ ১৯৪৯ সালের ৪ এপ্রিল, ওয়াশিংটন চুক্তির মধ্য দিয়ে সামরিক সংগঠন ন্যাটোর জন্ম ।
- ❑ **সদর দপ্তর:** ব্রাসেলস, বেলজিয়াম ।
- ❑ প্রতিষ্ঠাকালীন সদর দপ্তরঃ লন্ডন, যুক্তরাজ্য ।
- ❑ ১৯৬৬ ন্যাটোর সদর দপ্তর ফ্রান্সের প্যারিস থেকে বেলজিয়ামের ব্রাসেলস স্থানান্তর করা হয় ।
- ❑ ন্যাটোর দাপ্তরিক ভাষাঃ ইংরেজি এবং ফ্রেঞ্চ ।
- ❑ বর্তমান সদস্য সংখ্যা- ৩০টি ।
- ❑ সর্বশেষ সদস্য- **উত্তর মেসিডোনিয়া** । (২৭মার্চ, ২০২০)
- ❑ **আলবেনিয়া** এবং **তুরস্ক** ন্যাটোর সদস্যভুক্ত মুসলিম দেশ ।
- ❑ ন্যাটো গঠনের উদ্দেশ্যঃ সাবেক সোভিয়েত ইউনিয়ন ও কমিউনিস্ট দেশগুলোর বিরুদ্ধে যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় গণতান্ত্রিক দেশ সমূহ মিলিতভাবে একটি সামরিক জোট গঠন করে। জাতিসংঘ সনদের ৫১ ধারা অনুযায়ী বৈদেশিক আক্রমণ প্রতিহত করার জন্য সামরিক ব্যবস্থা গ্রহণ করতে পারে ।
- ❑ ন্যাটোর প্রথম মহাসচিব ছিলেন- **লর্ড ইসমে** ।
- ❑ ন্যাটোর প্রতিষ্ঠাতা দেশ ১২ টি। এগুলো হল- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, বেলজিয়াম, কানাডা, ডেনমার্ক, ফ্রান্স, আইসল্যান্ড, লুক্সেমবার্গ, নেদারল্যান্ড, নরওয়ে এবং পর্তুগাল ।
- ❑ ন্যাটোর বর্তমান সদস্যদেশ গুলো হল- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, বেলজিয়াম, কানাডা, ডেনমার্ক, ফ্রান্স, আইসল্যান্ড, লুক্সেমবার্গ, নেদারল্যান্ড, নরওয়ে এবং পর্তুগাল, গ্রীস, তুরস্ক, জার্মানী, স্পেন, চেক রিপাবলিক, হাঙ্গেরী, পোল্যান্ড, বুলগেরিয়া, এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, রোমানিয়া, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, আলবেনিয়া, ক্রোয়েশিয়া, মন্টিনিগ্রো, উত্তর মেসোডেনিয়া ।
- ❑ সামরিক জোট ন্যাটো এর বর্তমান মহাসচিব নরওয়ের **জেনস স্টলটেনবার্গ** (Jens Stoltenberg) । তিনি ন্যাটোর **১৫তম** মহাসচিব ।
- ❑ সম্প্রতি ফ্রান্স ন্যাটোর সামরিক কর্মকাণ্ডে ফিরে এসেছে ।

- ১৯৯৪ সালে ব্রাসেলস অনুষ্ঠিত “Partnership For Peace” কর্মসূচির মধ্য দিয়ে ন্যাটোতে রাশিয়ার অন্তর্ভুক্তি হয়। পরবর্তীতে ২৭মে, ১৯৯৭ সালে ফ্রান্সের প্রেসিডেন্টের বাসভবনে “Founding Act” নামে একটি চুক্তি স্বাক্ষরিত হয় এবং এই চুক্তি অনুযায়ী রাশিয়া কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে, তবে ভোট দানে বিরত থাকবে। পরবর্তীতে ২০০২ রাশিয়াকে ভোটদানের অধিকার দেয়া হয়।
- NATO-20: ২৮মে, ২০০২ সালের ন্যাটো- রাশিয়া সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয় এবং চুক্তি অনুযায়ী ন্যাটোর জুনিয়র পার্টনার হিসেবে রাশিয়া অন্তর্ভুক্ত হয়। ন্যাটোর সদস্য না হয়েও ন্যাটোর সহযোগী হওয়ায় রাশিয়াকে NATO-20 বলা হয়।
- ন্যাটোভুক্ত একমাত্র আইসল্যান্ডেরই ন্যাটোর সামরিক বাহিনীতে কোন সদস্য নেই।



ব্রাসেলসে অবস্থিত ন্যাটোর সদর দপ্তর। (ছবিঃ ন্যাটো)